গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুন্সীগঞ্জ সদর
sadar.munshiganj.gov.bd

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯৫৬.০০০.৬৬.০০১.২৩.২৯৬

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের৩য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন:**

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | সভা আয়োজন এবং কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোডকরণ | সভায় জানানো হয় যে, নির্দেশিকার নির্দেশনা অনুযায়ী প্রতি তিন মাস অন্তর সভা আয়োজন করতে হবে। সভার জিজ্ঞাসার প্রেক্ষিতে জানানো হয় যে, অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ওয়েব-পোর্টালে আপলোড কর হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিয়মিত সভা অনুষ্ঠানের এ ধারা অব্যাহত রাখাযেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | ১। বার্ষিক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী নৈতিকতা কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত আয়োজন করতে হবে।<br>২। সভার কার্যবিবরণী ওয়েব-পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। | ১। নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হচ্ছে।<br>২। সভার কার্যবিবরণী ওয়েব-পোর্টালে আপলোড করা হচ্ছে। |
| ০২ | কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ | সভাকে জানানো হয় যে, নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উপর অধিক গুরুত্ব দেয়া হচ্ছে। সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি অধস্তন অফিস এবং এ কার্যালয়ের বিভিন্ন শাখা থেকে মূল্যায়নের জন্য সংগ্রহ করা হচ্ছে। বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে বিভাগীয় কমিশনার অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। প্রতি ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় মূল্যায়ন করতে হবে।<br>২। চূড়ান্ত অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে উর্ধতন কার্যালয়ে প্রেরণ নিশ্চিত হবে। | ১। ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় মূল্যায়ন করা হচ্ছে।<br>২। চূড়ান্ত অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হবে। |
| ০৩ | বার্ষিক শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা নির্দেশিকা,২০২২-২০২৩অনুসরণে বাস্তবায়ন নিশ্চিতকরণ | সভায় জানানো হয় যে, অংশীজনের অংশগ্রহণের নিয়মিত ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হচ্ছে। সভায় সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়ে থাকে। সভায় সেবার মান বৃদ্ধির বিষয় নিয়ে ব্যাপক আলোচনা হয়। | ত্রৈমাসিক সভায় সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে বিস্তারিত আলোচনা অব্যাহত রাখতে হবে। | সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গৃহীত হচ্ছে। |
| ০৪ | ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েব পোর্টালে আপলোডকরণ | সভাকে অবহিত করা হয় যে, ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েব-পোর্টালে আপলোড করতে হবে। আওতাধীন সকল দপ্তরে এ নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা তদারকি করা প্রয়োজন। | ১। বার্ষিক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ত্রৈমাসিক প্রতিবেদনওয়েব-পোর্টালে নিয়মিত আপলোড নিশ্চিত করতে হবে। | ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবপোর্টালে নিয়মিত আপলোড করা হচ্ছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | পরিদর্শন প্রতিবেদনের বক্ষমান জবাব/ অগ্রগতি প্রেরণ | সভাকে অবহিত করা হয় যে, উর্ধ্বতন কর্তৃপক্ষসহ এ জেলায় কর্মরত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, ডিডিএলজি, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক এ কার্যালয়ের নিয়ন্ত্রণাধীন শাখাসমূহ ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট্র আদালত, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ভূমি অফিস এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়ে থাকে। এসব কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি বক্ষমান জবাব আকারে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। | সংশ্লিষ্ট অফিসসমূহ পরিদর্শন প্রতিবেদনের উপর বক্ষমান জবাব/ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয় এবং প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয় কমিশনার কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | অফিসসমূহ পরিদর্শন প্রতিবেদনের বক্ষমান জবাব/ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে। |
| ০৬ | শুদ্ধাচার কৌশল ওয়েব পোর্টাল বক্স হালনাগাদকরণ | সভায় শুদ্ধাচার কৌশল ওয়েব-পোর্টাল বক্স হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা করা হয়। সভাকে জানানো হয় যে, ওয়েব-পোর্টালবক্সটি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না। | শুদ্ধাচার কৌশল ওয়েব-পোর্টাল বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গৃহীত হচ্ছে। |
| ০৭ | প্রকল্প পরিদর্শন প্রতিবেদন | সভাকে জানানো হয় যে, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদসহ অন্যান্য সংস্থা কর্তৃক বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করছেন যা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হচ্ছে। সরকারর উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার স্বার্থে এ ধারা অব্যাহত রাখা প্রয়োজন। | ১। বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক সকল প্রকার প্রকল্পের বাস্তবায়ন অব্যাহত রাখার স্বার্থে নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>২। অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ের মাধ্যমে বিভাগীয় কমিশনার কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। সংশ্লিষ্ট দপ্তর ও উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন অব্যাহত আছে।<br>২। অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণ করা হচ্ছে। |
| ০৮ | টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থাকরণ | সভাকে অবহিত করা হয় যে, নিয়ম অনুযায়ী এ কার্যালয় ও অধীনস্ত কার্যালয়সমূহের টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ ও নথি বিনষ্টকরণ করার তথ্য পাওয়া যায়নি। তবে পরিচ্ছন্নতা বৃদ্ধির বিষয়টি সকল দপ্তরে অব্যাহত আছে। এ কার্যালয়ে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে এবং একইভাবে নিয়ন্ত্রণাধীন অধস্তন কার্যালয়গুলোতেও এ ব্যবস্থা বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া যেতে পারে মর্মে সভায় মত ব্যক্ত করা হয়। | ১। নিয়ম-নীতি অনুসরণপূর্বক টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তি করতে হবে।<br>২। সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথি বিনষ্টযোগ্য নথির তালিকা তৈরি করে তা বিধি মোতাবেক বিনষ্ট করতে হবে। একই সাথে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। ব্যবস্থা গৃহীত হচ্ছে।<br>২। বিনষ্টযোগ্য নথির তালিকা করা হচ্ছে। যথাসময়ে প্রতিবেদন প্রেরণ করা হবে। |
| ০৯ | পিআইসি সভা অনুষ্ঠান | সভাকে অবহিত করা হয় যে, এ কার্যালয় এবং নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহে বিভিন্ন সময়ে সরকারি বরাদ্দে মালামাল ক্রয় করা হয়ে থাকে। এসব ক্রয়ের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের মাধ্যমে যথাযথ পদ্ধতি অনুসরণ অব্যাহত রাখা যেতে পারে। এতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে মর্মে মত প্রকাশ করা হয়। | সরকারি দপ্তরে মালামাল ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে ক্রয় কমিটি গঠনের মাধ্যমে সভা অনুষ্ঠানের মাধ্যমে বিধি-বিধান অনুসরণে মালামাল ক্রয় করতে হবে। | দাপ্তরিক মালামাল ক্রয়ের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ক্রয় কমিটি গঠনপূর্বক সভা অনুষ্ঠানের মাধ্যমে বিধি-বিধান অনুসরণে মালামাল ক্রয় করা হচ্ছে। |
| ১০ | সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | বৈশ্বিক অর্থনীতি পেক্ষাপটে কৃচ্ছ্রতা সাধনের জন্য সরকারি নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে মৃতব্যয়িতার পরিচয় দিতে হবে। | ১। বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহার কমিয়ে আনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | ১। বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে শাশ্রয়ী পন্থা গৃহীত হয়েছে।<br>২। যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। |

১৪-০৫-২০২৩
হোসাইন মো. আল-জোনায়েদ
উপজেলা নির্বাহী অফিসার
০১৭৬২৬৮৭২৫৬
unomunshiganj@mopa.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ।

**প্রতিবেদনের অংশ:**